

1 ফেব্রুয়ারি, 2019

প্রিয় পিতামাতা,

11 থেকে 15 ফেব্রুয়ারি, 2019 তারিখ পর্যন্ত নিউ ইয়র্ক সিটির পাবলিক স্কুলগুলোতে 'রেসপেক্ট ফর অল উইক' (সবার জন্য মর্যাদা সপ্তাহ) পালিত হবে, এটা জানানোর জন্য আমরা এই চিঠি দিচ্ছি। আমাদের স্কুল বা কমিউনিটিতে সাইবারবুলিং সহ বুলিং করা, ভীতিপ্রদর্শন এবং অন্যান্য পক্ষপাতদুষ্ট হয়রানির কোন স্থান নেই, এবং এই সমস্যা দূর করার জন্য আমাদের সবাইকে একযোগে কাজ করতে হবে। এই গুরুত্বপূর্ণ উদ্যোগের প্রয়োজনে, ডিপার্টমেন্ট অভ এডুকেশন শিক্ষার্থীদের মধ্যে বৈচিত্র্যময়তা সম্পর্কে সচেতনতা বৃদ্ধি এবং পারস্পরিক শ্রদ্ধাবোধের বিষয়টিকে পৃষ্ঠপোষকতা দেয়ার জন্য নিউ ইয়র্ক সিটি কাউন্সিল, ইউনাইটেড ফেডারেশন অভ টিচার্স (UFT), কাউন্সিল অভ স্কুল সুপারভাইজার্স অ্যান্ড অ্যাডমিনিস্ট্রেটর্স (CSA) এবং অন্যান্য কমিউনিটি সহযোগীদের সঙ্গে একযোগে কাজ করছে।

আমাদের সবার প্রাধান্য হলো একটি নিরাপদ ও সহায়ক শিক্ষার পরিবেশ বজায় রাখা, যা সাইবারবুলিং সহ বুলিং করা, ভীতিপ্রদর্শন এবং/অথবা জাতি, বর্ণ, বিশ্বাস, জাতীয়তা, রাষ্ট্রিক পরিচয়, নাগরিকত্ব/অভিবাসনগত অবস্থা, ধর্ম, লিঙ্গ, লিঙ্গপরিচয়, লৈঙ্গিক অভিব্যক্তি, যৌন অগ্রাধিকার, ওজন অথবা প্রতিবন্ধিতার ভিত্তিতে পক্ষপাতদুষ্ট হয়রানিমুক্ত। শিক্ষাক্ষেত্রে শিক্ষার্থীদের সহায়তা প্রদানের জন্য সিটিভিত্তিক আচরণগত প্রত্যাশা (Citywide Behavioral Expectations) এবং চ্যান্সেলরের প্রবিধান A-830, A-831 এবং A-832 এসব সমস্যার সমাধান দেয়।

সকল শিক্ষার্থী এবং স্কুল কমিউনিটির অন্যান্য সদস্য যাতে নিজেদেরকে নিরাপদ ও সম্মানিত বোধ করেন, সেজন্য 'রেসপেক্ট ফর অল উইক' শিক্ষার্থীদের মধ্যে বৈচিত্র্যময়তার প্রতি শ্রদ্ধায় উৎসাহ প্রদানের এবং একটি উদার স্কুল আবহ সৃষ্টির গুরুত্বের প্রতি মনোযোগ অব্যাহত রাখার উদ্দেশ্যে পরিকল্পিত হয়েছে। আজ অবধি কয়েক হাজার শিক্ষক, প্যারেন্ট কোঅর্ডিনেটর এবং অন্যান্য কর্মচারী 'রেসপেক্ট ফর অল' প্রশিক্ষণ লাভ করেছেন। সকল শিক্ষার্থীকে ব্রোশিওর ওবং ওয়ালেট কার্ড দেওয়া হয়েছে, এবং স্কুলগুলোতে এক বা একাধিক 'রেসপেক্ট ফর অল' লিয়াজেঁ নিযুক্ত করা হয়েছে, যাদের পরিচিতি পোস্টারগুলোতে উল্লিখিত আছে।

আমরা সবাই প্রতিদিন মর্যাদা বিষয়ক সমস্যা সমাধানের জন্য কাজ করি। অন্যের প্রদি মর্যাদা প্রদর্শন করার বিষয়টি ছেলেমেয়েদেরকে শেখানো একটি যৌথ দায়িত্ব। এই সপ্তাহে আমরা সবার কাছে অনুরোধ করছি, শিক্ষার্থীরা 'রেসপেক্ট ফর অল' নিয়ে যা শিখবে, আপনারা সেটাকে স্থায়ী রূপ দিন – যে প্রতিটি শিক্ষার্থী সম্মান পাবার যোগ্য, এবং মস্তানী, হয়রানী, ভয়ভীতি প্রদর্শন, এবং বৈষম্যের এই স্কুলে কোন স্থান নেই। রেসপেক্ট ফর অল সপ্তাহ নিয়ে আপনার কোন প্রশ্ন থাকলে আপনার স্কুলের প্রিন্সিপ্যাল বা 'রেসপেক্ট ফর অল' লিয়াজেঁ-এর সাথে যোগাযোগ করুন, কিংবা [RespectForAll@schools.nyc.gov](mailto:RespectForAll@schools.nyc.gov) ঠিকানায় ইমেইল করুন।

আপনার সন্তানের শিক্ষায় অব্যাহত সহায়তার জন্য ধন্যবাদ। অনুগ্রহ করে জেনে রাখুন DOE, সিটি কাউন্সিল, UFT এবং CSA বৈচিত্র্যের প্রতি মর্যাদা প্রদানকে সম্প্রসারণে এবং সকল শিক্ষার্থীর জন্য শিক্ষার উদার পরিবেশ সৃষ্টিতে আমাদের অঙ্গীকারের ব্যাপারে ঐক্যবদ্ধ, এবং আমরা 'রেসপেক্ট ফর অল' সপ্তাহকে সফল করতে সম্ভাব্য সকল প্রচেষ্টা করব।

বিনীত,

রিচার্ড এ. কারানজা (Richard A. Carranza), চ্যান্সেলর  
ডিপার্টমেন্ট অভ এডুকেশন

কোরি জনসন (Corey Johnson), স্পিকার  
নিউ ইয়র্ক সিটি কাউন্সিল

মাইকেল মালগ্রু (Michael Mulgrew), প্রেসিডেন্ট  
ইউনাইটেড ফেডারেশন অভ টিচার্স

মার্ক ক্যানিজারো (Mark Cannizzaro), প্রেসিডেন্ট  
কাউন্সিল অভ স্কুল সুপারভাইজার্স অ্যান্ড এডমিনিস্ট্রেটর্স

মার্ক ট্রেইগার (Mark Treyger), চেয়ার  
নিউ ইয়র্ক সিটি কাউন্সিল এডুকেশন কমিটি